

জনসেবা প্রদানে কোন অজুহাত বরদাশত করবো না: ভূমি প্রতিমন্ত্রী

ঢাকা, ০৭ আগস্ট, ২০১৬ খ্রি. (রবিবার)

ভূমি প্রতিমন্ত্রী সাইফুজ্জামান চৌধুরী এসিল্যান্ডদের উদ্দেশে বলেন, সততা ও নিষ্ঠার সাথে কাজ করতে হবে। তিনি সাধারণ মানুষকে হয়রানি না করার নির্দেশ দিয়ে বলেন, জনসেবা প্রদানে কোন অজুহাত বরদাশত করা হবে না।

আজ রবিবার রাজধানীর কাটাবনে ভূমি প্রশাসন প্রশিড়াণ কেন্দ্রে চতুর্থ ভূমি ব্যবস্থাপনা প্রশিড়াণ কোর্স উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে ভূমিমন্ত্রী এ নির্দেশ দেন।

প্রতিমন্ত্রী সাইফুজ্জামান বলেন, নিষ্ঠা ও সততার সাথে দায়িত্ব পালন করলে দেশকে আমরা কিছু দিতে পারবো। তিনি বলেন, ড়ুধামুক্ত, দারিদ্র্যমুক্ত সোনার বাংলা গড়তে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্বপ্ন ছিল। প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনা পিতার স্বপ্ন বাস্তব রূপ দিতে চলেছেন। বিশ্ব দেখছে আন্দর্জাতিক ইমেজ নিয়ে দেশ এগুচ্ছে। আমরা আইটিতে এগিয়েছি, জেনারেশন এগুচ্ছে। জননেত্রী শেখ হাসিনার নেতৃত্বে ২০৪১ সালের মধ্যে বাংলাদেশকে উন্নত বিশ্বের অনুরূপ দেশে পরিণত করতে চলেছে। প্রতিমন্ত্রী বলেন, বাংলাদেশ এগুচ্ছে অনেকের সহ্য হচ্ছে না। সময়ই বলে দিবে। প্রতিমন্ত্রী চৌধুরী বর্তমান বিশ্বের প্রেড়াপট নিয়ে বলেন, ইসলামের শত্রু আইএস সারাবিশ্বে বেড ইমেজের দিকে নিয়ে যাচ্ছে, তা কাম্য নয়। তিনি বলেন, ইসলাম শান্তির ধর্ম। ইসলামে কোন খুন, হত্যা, অরাজকতা, হানাহানি নেই। মহানবী (স:) সকল ধর্মের লোক নিয়ে মদিনা সনদ করেছিলেন। তিনি বলেন, আইএস মূলত জালিমের ভূমিকা রাখছে।

সহকারী কমিশনার (ভূমি) পদে নবনিযুক্ত ৩০ জন কর্মকর্তার সমন্বয়ে দুই সগুহব্যাপী এ প্রশিড়াণ কোর্সে ২৪টি মডিউল অন্দর্ভুক্ত রয়েছে। ভূমি ব্যবস্থাপনায় এ প্রশিড়াণ অত্যন্দ্ব গুরুত্বপূর্ণ।

ভূমি প্রশাসন প্রশিড়াণ কেন্দ্রের পরিচালক (যুগ্মসচিব) মোহাম্মদ শাহেদ সবুর এর সভাপতিত্বে এসময় অন্যান্যের মধ্যে কোর্স পরিচালক মুহাম্মদ শাহেদ কবির, প্রশিড়াণ কেন্দ্রের উপ পরিচালক (প্রশিড়াণ) উপসচিব এআরএম খালেকুজ্জামান বক্তব্য রাখেন।



মো. রেজুয়ান খান, পিআরও, ভূমিমন্ত্রণালয়, ০১৮২৫৮৯৭৮১৮